



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)



তারিখ: ১৭.০৮.২০২৩ খ্রি।


বিষয়: ৫০% ছাড়ে বিসিএসআইআর কর্তৃক সম্প্রতি অনুমোদিত নমুনা, প্যারামিটার ও মূল্য তালিকা অনুযায়ী বিশ্লেষণ সেবা গ্রহণ সংক্রান্ত।

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিষদের ২৮৪তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গবেষণা কাজে বিসিএসআইআর-এর সুবিধা ব্যবহার করে নমুনা বিশ্লেষণের ফি-এর উপর ৫০% ছাড় নিয়োক্ত শর্তে প্রদান করা হবে:

- ১। শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার/বিভাগীয় প্রধান/বিভাগীয় চেয়ারম্যান-এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের প্যাডে আবেদন করতে হবে।
- ২। আবেদনপত্রে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার/বিভাগীয় প্রধান/বিভাগীয় চেয়ারম্যান-এর তারিখ ও সিল স্বাক্ষরসহ “ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল, বিসিএসআইআর, ঢাকা” বরাবর আবেদন করতে হবে।
- ৩। শিক্ষার্থীদের আইডি কার্ডের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা দিতে হবে।

বিসিএসআইআর কর্তৃপক্ষ উক্ত বিশ্লেষণ সেবার পরিধি আরও বিস্তৃত করে সম্প্রতি এ সংক্রান্ত একটি তালিকা (নমুনার নাম, প্যারামিটার, মূল্য, সময়) অনুমোদন করেছে, যা বিসিএসআইআর এর **ওয়েবসাইটে** আপলোড করা হয়েছে। আপনার প্রতিষ্ঠানের গবেষণার প্রয়োজনে আন্তর্জাতিক মানের বিশ্লেষণ সেবা গ্রহণের আহ্বান জানাচ্ছি।

ধন্যবাদ

 ১৭.০৮.২০২৩

ড. মোহাম্মদ নজরুল ইসলাম ভূঁইয়া
প্রিন্সিপ্যাল সাইন্টিফিক অফিসার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল
বিসিএসআইআর, ঢাকা।
ফোন-০২-২২৩৩৬১১০৮.
মোবাইল: ০১৯১৭-০৪৪১০১.